



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়  
কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
প্রকিউরমেন্ট বিভাগ

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

অফিস ফোন : ৯৫৫৩৫৩৫

e-mail : dgmcscd1@krishibank.org.bd

প্রশাসন পরিপত্র নং-০৬/২০১৫

তারিখ : ২৩-০৬-২০১৫ ইং

**বিষয় : গাড়ীচালকসহ ৪র্থ শ্রেণি ও নন-ক্লারিক্যাল কর্মচারীদের গ্রীষ্মকালীন ও শীতকালীন পোশাক সরবরাহ প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে সাধারণ সেবা বিভাগ হতে জারীকৃত শীতকালীন পোশাক সরবরাহ সংক্রান্ত প্রশাসন পরিপত্র নং ১৩/০৬ তারিখ : ০৫-১২-২০০৬ ইং ও গ্রীষ্মকালীন পোশাক সরবরাহ সংক্রান্ত প্রশাসন পরিপত্র নং ০৭/২০০৭ তারিখ : ২৪-০৫-২০০৭ ইং এবং শীতকালীন ও গ্রীষ্মকালীন পোশাক সরবরাহ সংক্রান্ত প্রশাসন পরিপত্র নং ১১/২০১১ তারিখ : ২৭-১১-২০১১ ইং এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মচারীদের পোশাক পরিচ্ছদ সরবরাহ সংক্রান্ত উপরোক্ত পরিপত্র ০৩ (তিন) টি জারীর পর সময়ের পরিক্রমায় কাপড়ের মূল্য বৃদ্ধি ও সেলাই চার্জ বৃদ্ধির প্রেক্ষাপটে শীতকালীন ও গ্রীষ্মকালীন পোশাকের মূল্য বৃদ্ধির একটি প্রস্তাবনা পরিচালনা পরিষদের ১৫.০৬.১৫ ইং তারিখের ৬৩৮তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ বিষয়টি সদয় পর্যালোচনা ও বিবেচনাপূর্বক ব্যাংকের গাড়ীচালকসহ ৪র্থ শ্রেণি ও নন-ক্লারিক্যাল কর্মচারীদের শীতকালীন ও গ্রীষ্মকালীন পোশাক সরবরাহকল্পে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন :

(ক) **শীতকালীন পোশাক :**

বাংলাদেশ কৃষি ব্যাংকের পুরুষ কর্মচারীদের শীতকালীন পোশাকের জন্য ০১ (এক) সেট শীতকালীন পোশাকের মূল্য বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা মাত্র (নেভী ব্লু সুটিং কাপড়ের ০১ টি কোট ও ০১ টি লং প্যান্ট) এবং মহিলা কর্মচারীদের শীতকালীন পোশাকের মূল্য বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা মাত্র (উন্নত মানের নেভী ব্লু/কাল পশমী চাদর ০১ টি) মাত্র মূল্য নির্ধারণ করা হলো।

(খ) **গ্রীষ্মকালীন পোশাক :**

বাংলাদেশ কৃষি ব্যাংকের পুরুষ কর্মচারীদের গ্রীষ্মকালীন পোশাকের জন্য ০২ (দুই) সেট পোশাকের মূল্য বাবদ মং ৩,২৬০/- (তিন হাজার দুইশত ষাট) টাকা মাত্র (প্রতি সেটে নেভী ব্লু কাপড়ের ০১ টি ফুল প্যান্ট এবং ৬৫% X ৩৫% ট্রেফন কাপড়ের ০১ টি সাদা ফুল শার্ট) এবং মহিলা কর্মচারীদের গ্রীষ্মকালীন পোশাকের জন্য ০২(দুই) সেট পোশাকের মূল্য বাবদ মং ৩,৬৮০/- (তিন হাজার ছয়শত আশি) টাকা মাত্র (প্রতি সেটে ০১ টি সুতী শাড়ী, ০১ টি সুতী ব্লাউজ ও ০১ টি সুতি পেটিকোট) পূর্ণঃ নির্ধারণ করা হলো।

(গ) **জুতা, মোজা, গেঞ্জি ও ছাতা**

|                                 | টাকা            |
|---------------------------------|-----------------|
| জুতা ০১ জোড়া প্রতিবছর          | ১,০০০.০০        |
| মোজা ০১ জোড়া প্রতিবছর          | ১০০.০০          |
| গেঞ্জি ০১ জোড়া প্রতিবছর        | ১০০.০০          |
| ছাতা ০১ টি প্রতি ০২ বছরে ০১ বার | ৩০০.০০          |
|                                 | <u>১,৫০০.০০</u> |

০৩। পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত মেতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের গাড়ীচালকসহ ৪র্থ শ্রেণি ও নন-ক্লারিক্যাল কর্মচারীদের শীতকালীন এবং গ্রীষ্মকালীন পোশাকের মূল্য পূর্ণঃভরন প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ও উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট বিভাগকে অনুরোধ করা হলো।

০৪। শীতকালীন ও গ্রীষ্মকালীন পোশাকের মূল্য পূর্ণঃনির্ধারণের উপরোক্ত পরিবর্তন ব্যতিরেকে শীতকালীন পোশাক সরবরাহ সংক্রান্ত প্রশাসন পরিপত্র নং ১৩/০৬ তারিখ : ০৫-১২-২০০৬ ইং ও গ্রীষ্মকালীন পোশাক সরবরাহ সংক্রান্ত ০৭/২০০৭ তারিখ : ২৪-০৫-২০০৭ ইং এবং শীতকালীন ও গ্রীষ্মকালীন পোশাক সরবরাহ সংক্রান্ত প্রশাসন পরিপত্র নং ১১/২০১১ তারিখ : ২৭-১১-২০১১ ইং এর অন্যান্য বিষয়বস্তু ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে, যা ২০১৫ সালের গ্রীষ্মকালীন পোশাক এবং জুতা, মোজা, গেঞ্জি ও ছাতার মূল্য প্রদানে প্রযোজ্য হবে।

অনুমোদনক্রমে :

(কে, এম, গোলাম শাহজাহান)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)


নং প্রকা/প্রকিউর-৬(১)অংশ-৪(ক)/২০১৪-২০১৫/৯২৯(১২৮০)

তারিখ : ২৩-০৬-২০১৫ ইং

চলমান পাতা : ০২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। মহাব্যবস্থাপক, এলপিও, ঢাকা।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/ বিভাগীয় প্রধান/ সচিব/ অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বিকেবি, প্রকা, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
- ০৯। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
- ১১। নথি/মহানথি।

  
২৩/৩/১৯  
(মীর মোঃ রিজ্জা-উল-করিম)  
সহকারী মহাব্যবস্থাপক